

বাজুরার স্কুল-কলেজকে
উন্নয়ন পরিকল্পনার
অন্তর্ভুক্ত করুন

খুলনা জেলার দাকোপ থানার অন্তর্গত বাজুরা ইউনিয়নের তিনটি শিক্ষা প্রতিষ্ঠান অত্যন্ত চরমভাবে অবহেলিত। বাজুরা কলেজ, বাজুরা হাইস্কুল ও বাজুরা গাল স হাইস্কুল এই ৩টি শিক্ষা প্রতিষ্ঠান চালনা হইতে মাত্র ৩ মাইল দূরে অবস্থিত। বাজুরাকে সত্যিই সৌন্দর্যের লীলাভূমি বলিলেও কোন অত্যাঙ্গি হইবে না। এখানে শুধু এই ৩টি শিক্ষা প্রতিষ্ঠানই নয়, আরও বহু সরকারী, আধা-সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান, চিকিৎসালয়, বাজার, বিশ্ব ভ্রাণসংস্থা অফিস ইত্যাদি বাজুরাকে আরও গুরুত্বপূর্ণ করিয়া তুলিয়াছে। অথচ বাজুরার উক্ত ৩টি শিক্ষা প্রতিষ্ঠান আজ অর্থনৈতিক সংকটে পড়িয়া সম্পূর্ণ দিশাহারা। খুলনা প্রদর্শনী তহবিল হইতে ইদানীং কিছু আর্থিক সাহায্য পাইলেও তাহা প্রয়োজনের তুলনায় নিতান্তই নগণ্য। ইহা ছাড়া ঐ তিনটি শিক্ষা প্রতিষ্ঠান থানা সদরের শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত না হওয়ার এগুলির ভবিষ্যৎ এখন সম্পূর্ণ অনিশ্চয় হইয়া

পড়িয়াছে। এমতাবস্থায় ঐ তিনটি শিক্ষা প্রতিষ্ঠানকে যথা-যায় থানা সদরের আওতাভুক্ত করিয়া দাকোপ থানার একমাত্র গাল স হাইস্কুল ও বয়েজ হাইস্কুলকে পাইলট পরিকল্পনার এবং কলেজটিকে উন্নয়ন পরিকল্পনার অন্তর্ভুক্ত করা উচিত।

বিষয়টির প্রতি শিক্ষা বিভাগের উষ্ণ তন কতৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—অধ্যাপক জয়সেন বড়ুয়া,
চাঁদপুর কলেজ, কুমিল্লা।